



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য অধিদপ্তর



চলাচল পরিকল্পনা, সড়ক এবং রেল শাখা  
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০  
[www.dgfood.gov.bd](http://www.dgfood.gov.bd)

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৩২.০০০.১৭.৯৮৮

তারিখ: ৭ আশ্বিন ১৪২৮

২২ সেপ্টেম্বর ২০২১

**বিষয়:** মনপুরা এলএসডির অনুকূলে প্রেরিত ২৯৯.৯৭৮ মে.টন চাল ভোলা সদর এলএসডিতে খালাসের ভূতাপেক্ষ অনুমোদন প্রদান

**সূত্র:** আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, বরিশাল এর ১৮/০৭/২০২১ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০০০.৫০.০০৯.১৭.১৬৩৮ নং স্মারক

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, খুলনা এর ১৬/০৯/২০২১ খ্রি. তারিখের ৩৩৯৯ নং স্মারকের চলাচল উপসূচির আওতায় মেসার্স ফয়সাল নেভিগেশন, এমভি ফয়সাল-৯ এর ইনভয়েস নং- ৩৫০১৮৮৪ তারিখ : ০১/০৭/২০২১ এর মাধ্যমে ৬০৪২ বস্তায় ২৯৯.৯৭৮ মে.টন চাল নিয়ে মনপুরা এলএসডির উদ্দেশ্যে ছেড়ে আসে। কিন্তু মনপুরা এলএসডিতে চাল রাখার জায়গা ও বিলি-বিতরণের পর্যাপ্ত খাত না থাকায় এবং ভোলা সদর এলএসডিতে বিভিন্ন খাতে বিলি-বিতরণের জন্য বিতরণযোগ্য ৩০০ মে.টন চালের চাহিদা থাকায় মনপুরা এলএসডির অনুকূলে প্রেরিত ২৯৯.৯৭৮ মে.টন চাল ভোলা সদর এলএসডিতে খালাস করা হয়। উক্ত পরিবহণ কার্যক্রমের ভূতাপেক্ষ অনুমোদন প্রদানের জন্য সূত্রস্থ স্মারকে অনুরোধ করা হয়েছে।

এমতাবস্থায়, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, বরিশাল এর প্রস্তাবমতে মনপুরা এলএসডিতে চাল রাখার জায়গা ও বিলি বিতরণের পর্যাপ্ত খাত না থাকায় চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, খুলনা এর ২৯/০৬/২০২১ খ্রি. তারিখের ৩৩৯৯ নং স্মারকের চলাচল উপসূচির মেসার্স ফয়সাল নেভিগেশন এর এমভি ফয়সাল-৯ এর ইনভয়েস নং ৩৫০১৮৮৪ তারিখ : ০১/০৭/২০২১ খ্রি. এর মাধ্যমে ৬০৪২ বস্তায় ২৯৯.৯৭৮ মে.টন চাল ভোলা সদর এলএসডিতে খালাসের ভূতাপেক্ষ অনুমোদন নির্দেশক্রমে প্রদান করা হলো।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

২২-৯-২০২১

মোঃ ফজলে রাক্তী হায়দার

উপপরিচালক

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশাল

সদয় অবগতি ও কার্যাল্যে প্রেরণ করা হলো:

- ১) মহাপরিচালক (গ্রেড-১), খাদ্য অধিদপ্তর
- ২) অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব), অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ৩) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৪) পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৫) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, খুলনা
- ৬) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর (খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
- ৭) চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রকের কার্যালয়, খুলনা
- ৮) জেলা খাদ্য নিয়ন্ত্রক, বরিশাল।
- ৯) ভারপ্রাপ্ত কর্মকর্তা ..... এলএসডি

২২-৯-২০২১

মোঃ ফজলে রাক্তী হায়দার  
উপপরিচালক